

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
অডিট শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০..০৪৬.০১.০২২.১৭.৯৬

তারিখ: ১২ অগ্রহায়ণ ১৪২৫

২৬ নভেম্বর ২০১৮

বিষয়: বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ২০১৫-২০১৬ আর্থিক সনের অডিট আপত্তির ব্রডশীট জবাব প্রদানের নিমিত্ত প্রয়োজনীয় তথ্য প্রেরণ

সূত্র: বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড-এর স্মারক নং-৫৭.১৭.০০০০.১০৪.০২.১৭-১৭৮৩; তারিখ: ১৫-১১-২০১৮ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লি:-কে সরবরাহকারী হিসেবে ৫% ভ্যাট প্রদান না করা সংক্রান্ত অডিট আপত্তি প্রেক্ষিতে ব্রডশীট জবাবে উল্লেখ করা হয়েছে,

“কাগজ আমদানীর জন্য প্রদত্ত টাকা কর্পোরেশনের কোন বিল নয় এবং এর সাথে কর্পোরেশনের কোন মুনাফাও জড়িত নয়। তাই কাগজ আমদানী খরচের উপর পুনরায় কোন ধরনের ভ্যাট বা আয়কর প্রযোজ্য হবে না”।

০২। সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লি: সরকারি প্রতিষ্ঠান হলেও উক্ত প্রতিষ্ঠান জাতীয় রাজস্ব বোর্ডের আয়কর মুক্ত প্রতিষ্ঠান কি না কিংবা উক্ত প্রতিষ্ঠান আইনের বিধান অনুযায়ী আয়কর প্রদানের বর্হিভূত প্রতিষ্ঠান তা ব্রডশীটে উল্লেখ করা হয়নি কিম্বা এ সংক্রান্ত কোন প্রমাণকও জবাবের সাথে যুক্ত করা হয়নি ফলে প্রাপ্ত ব্রডশিট জবাব চূড়ান্ত কার্যক্রমের জন্য স্থানীয় অডিট অধিদপ্তরে প্রেরণ সম্ভব হচ্ছেনা।

০৩। এমতাবস্থায়, সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লি: সরকারি প্রতিষ্ঠান হলেও উক্ত প্রতিষ্ঠান জাতীয় রাজস্ব বোর্ডে আয়কর মুক্ত প্রতিষ্ঠান কি না তা উল্লেখ করে প্রমাণকসহ ব্রডশীট জবাব পুনরায় টিএমইডিতে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।



২৬-১১-২০১৮

নূরজাহান বেগম

সহকারী সচিব

ফোন: ৯৫৭৫২৭২

চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও,
ঢাকা।

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০..০৪৬.০১.০২২.১৭.৯৬/১(৩)

তারিখ: ১২ অগ্রহায়ণ ১৪২৫

২৬ নভেম্বর ২০১৮

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) যুগ্ম সচিব, অডিট ও আইন অনুবিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

২) সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৩) প্রোগ্রামার, আইসিটি অধিশাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।



২৬-১১-২০১৮

নূরজাহান বেগম
সহকারী সচিব